# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯৩৬

১/ বিবিধ

আরবী

الأبدال في هذه الأمة ثلاثون، مثل إبراهيم خليل الرحمن عز وجل، كلما مات رجل أبدل الله تبارك وتعالى مكانه رجلا
منكر

رواه الإمام أحمد (5 / 322) والهيثم بن كليب في " مسنده " (159 / 1 ـ 2) والخلال في " كرامات الأولياء " (ق 1 / 2) وأبو نعيم في " أخبار أصبهان " (1 / 180) وعنه ابن عساكر في التاريخ " (1 / 67 / 2) عن الحسن بن ذكوان عن عبد الواحد بن قيس عن عبادة بن الصامت مرفوعا، وقال أحمد عقبه: " هو حديث منكر ". قلت: وفيه علتان:
الأولى: عبد الواحد بن قيس، مختلف فيه، فوثقه ابن معين في رواية وأبو زرعة. وقال ابن معين في رواية أخرى: لم يكن بذاك ولا قريب، وقال أبو حاتم: ليس بالقوي، وكذا قال صالح بن محمد البغدادي وزاد: " روى عن أبي هريرة ولم يسمع منه ". وقال الذهبي: " لم يلق أبا هريرة، إنما روايته عنه مرسلة، إنما أدرك عروة ونافعا
قلت: فعلى هذا فهو لم يدرك عبادة بن الصامت، فالسند مع ضعفه منقطع
الثانية: الحسن بن ذكوان مختلف فيه أيضا، وقد ضعفه الجمهور، وقال أحمد: " أحاديثه أباطيل ". وقال ابن معين: " كان صاحب أو ابد ". وقال ابن حجر في " التقريب ": " صدوق يخطىء وكان يدلس ". ورمز له بأنه من رجال البخاري
قلت: وقد عنعن هنا. ومما تقدم تعلم ما في قول الهيثمي من الإيهام فقال في " مجمع

الزوائد " (10 / 62) وقلده السيوطي في " الحاوي " (2 / 461) رواه أحمد ورجاله رجال الصحيح، غير عبد الواحد بن قيس، وقد وثقه العجلي وأبو زرعة، وضعفه غيرهما ". ولم يذكر السيوطي: " وضعفه غيرهما "! فقد أوهم شيئين: الأول: أن لا انقطاع بين عبد الواحد وعبادة وليس كذلك كما بينا

الثاني: أن الحسن بن ذكوان ثقة، لوصفه إياه بأنه من رجال الصحيح، وسكوته عما قيل فيه من التضعيف، والوصف بالتدليس! قلت: وبهذا التحقيق يتبين لك خطأ قول السيوطي في " اللآلي " (2 / 332) : " وسنده حسن "! وقول ابن عراق (2 / 307 - طبع مصر) : " وسنده صحيح "! وقد روي الحديث عن عبادة بلفظ آخر وهو: " لا يزال في أمتي ثلاثون، بهم تقوم الأرض، وبهم تمطرون، وبهم تنصرون ". قلت: وهو ضعيف أيضا فيه من لا يعرف، فقد قال الهيثمي (10 / 63) : رواه الطبراني من طريق عمرو البزار عن عنبسة الخواص وكلاهما لم أعرفه، وبقية رجاله رجال الصحيح ". والحديث أورده السيوطي في " الجامع الصغير " من رواية الطبراني أيضا عن عبادة بلفظ: " الأبدال في أمتي ثلاثون ... " فلعل ما نقلته عن " المجمع " محرف عنه. وقال الشارح المناوي: " قال المصنف: سنده صحيح

ولم يتعقبه المناوي بشيء! وكأنه لم يقف على كلام الهيثمي فيه، ولا على إسناد، وقد ساق السيوطي في " الحاوي " (2 / 461) فقال: قال الطبراني في " الكبير ": حدثنا عبد الله بن أحمد بن حنبل: حدثني محمد بن الفرج: حدثنا زيد بن الحباب: أخبرني عمر البزار عن عبيسة الخواص عن قتادة عن أبي قلابة عن أبي الأشعث عن عبادة بن الصامت.... فذكره بلفظ " الجامع الصغير

قلت: كذا في نقله: " عمر " بدون الواو، " عبيسة "، ولعل هذا الثاني تحريف، وأما الأول فمحتمل، فإن في شيوخ زيد بن الحباب عن المزي في " تهذيبه " (1 / 227 / 1) عمر بن عبد الله بن أبي خثعم اليمامي، وعمرو بن عبد الله بن وهب النخعي، وعمرو بن عثمان بن عبد الرحمن بن سعد بن يربوع المخزومي، فإن كان الأول - بدون الواو- فهو ضعيف جدا، وإن كان أحد الآخرين فهو ثقة، ولكن

لم يصفوا جميعا بـ (البزار) . فالله أعلم من هو منهم، أو هو غيرهم وعلى كل حال فتصحيح مثل هذا الإسناد لا وجه له مطلقا، ولا أدري من أين نقل المناوي تصحيح السيوطي له، وهو مرموز له في بعض نسخ " الجامع " بالحسن، وللذي قبله بالصحة!! على أن رموز الجامع لا يوثق بها لأسباب ذكرتها في مقدمة كتابي " صحيح الجامع الصغير " وضعيف الجامع الصغير "، وهو مطبوعان، فليرجع إليهما من شاء

وأخرج ابن عساكر في " التاريخ " (1 / 277) من طريق الطبراني وغيره عن عمرو بن واقد عن يزيد بن أبي مالك عن شهر بن حوشب قال: " لما فتحت مصر سبوا أهل الشام، فأخرج عوف بن مالك رأسه من برنسه ثم قال: يا أهل مصر! أنا عوف بن مالك، لا تسبوا أهل الشام فإني سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: فيهم الأبدال وبهم ينصرون وبهم ترزقون

قلت: وهذا إسناد ضعيف جدا، شهر بن حوشب سيء الحفظ، وعمرو بن واقد متروك كما في " التقريب ". وقال الهيثمي: " رواه الطبراني " وفيه عمرو بن واقد، وقد ضعفه جمهور الأئمة، ووثقه محمد بن المبارك الصوري، وشهر اختلفوا فيه، وبقية رجاله ثقات

قلت: وروي الحديث عن علي مرفوعا بلفظ آخر، سيأتي تخريجه إن شاء الله برقم (2993)

বাংলা

৯৩৬। এ উম্মাতের মধ্যে ইব্রাহীম খালীলুর রহমানের ন্যায় আবদালরা হচ্ছে ত্রিশজন। যখনই কোন একজন মারা যায় তখনই আল্লাহ তা'আলা অন্য একজনকে তার স্থলাভিষিক্ত করেন।

হাদীছটি মুনকার।

এটি ইমাম আহমাদ (৫/৩২২), হায়ছাম ইবনু কুলায়িব তার "মুসনাদ" (১৫৯/১-২) গ্রন্থে, আল-খাল্লাল "কারামাতুল আওলিয়া" (কাফ ১/২) গ্রন্থে, আবু নোয়াইম “আখবারু আসবাহান” (১/১৮০) গ্রন্থে এবং তার থেকে ইবনু আসাকির “আত-তারীখ” (১/৬৭/২) গ্রন্থে হাসান ইবনু যাকুওয়ান হতে তিনি আব্দুল ওয়াহেদ ইবনু কায়েস হতে তিনি ওবাদাহ ইবনুস সামেত (রাঃ) হতে মারফূ' হিসাবে বর্ণনা করেছেন। ইমাম আহমাদ বলেনঃ হাদীছটি

মুনকার।

আমি (আলবানী) বলছিঃ তাতে দু’টি সমস্যা রয়েছেঃ

১। আব্দুল ওয়াহেদ ইবনু কায়েস বিতর্কিত ব্যক্তি। তাকে এক বর্ণনায় ইবনু মা’ঈন ও আবু যুর’আহ নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন। অন্য এক বর্ণনায় ইবনু মা’ঈন বলেনঃ তিনি সেরূপ ও তার নিকটবর্তীও ছিলেন না। আবু হাতিম বলেনঃ তিনি শক্তিশালী নন। সালেহ ইবনু মুহাম্মাদ বাগদাদীও অনুরূপ কথা বলেছেন। তিনি আরো বলেছেনঃ আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন অথচ তিনি তার থেকে শুনেননি। হাফিয যাহাবী বলেনঃ তিনি আবু হুরাইরাহ (রাঃ)-এর সাথে সাক্ষাৎ করেননি। তার থেকে তার বর্ণনা মুরসাল। তিনি উরওয়াহ ও নাফে’কে পেয়েছিলেন।

আমি (আলবানী) বলছিঃ অতএব তিনি ওবাদাহ ইবনু সামেতকে পাননি। সনদটি দুর্বল হওয়া সত্ত্বেও মুনকাতি’ (বিচ্ছিন্ন)।

২। হাসান ইবনু যাকুওয়ান, তিনিও বিতর্কিত ব্যক্তি। তাকে জামহুর (অধিক সংখ্যক মুহাদ্দিছ) দুর্বল আখ্যা দিয়েছেন। ইমাম আহমাদ বলেনঃ তার হাদীছগুলো বাতিল। ইবনু মাঈন বলেনঃ তিনি আজব আজব বস্তুর অধিকারী। ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি সত্যবাদী ভুল করতেন এবং তাদলীস করতেন।

উপরের আলোচনায় যা জানা গেল তাতে হায়ছামীর কথা সন্দেহ জাগায়। তিনি "মাজমাউয যাওয়ায়েদ" (১০/৬২) গ্রন্থে এবং তার তাকলীদ করে সুয়ুতী "আল-হাবী" (২/৪৬১) গ্রন্থে বলেনঃ হাদীছটি ইমাম আহমাদ বর্ণনা করেছেন। আব্দুল ওয়াহেদ ইবনু কায়েস ব্যতীত তার বর্ণনাকারীগণ সহীহ বর্ণনাকারী। তাকে আজালী এবং আবু যুর’আহ নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন আর অন্য বিদ্বানগণ দুর্বল আখ্যা দিয়েছেন। সুয়ূতী উল্লেখ করেননি যে, তাকে অন্য বিদ্বানগণ দুর্বল আখ্যা দিয়েছেন।

এ হতে দু’টি সন্দেহ জাগেঃ

১। আব্দুল ওয়াহেদ ও উবাদাহ (রাঃ)-র মধ্যে ইনকিতা’ (বিচ্ছিন্নতা) নেই। অথচ তেমনটি নয়।

২। হাসান ইবনু যাকুওয়ান নির্ভরযোগ্য। কারণ তার বর্ণনাকারীগণ "সহীহ বর্ণনাকারী" বলে তাকে যে দুর্বল আখ্যা দেয়া হয়েছে তা উল্লেখ না করে চুপ থাকা হয়েছে এবং তার তাদলীস করার বিষয়টিও এড়িয়ে যাওয়া হয়েছে।

আমি (আলবানী) বলছিঃ সুয়ূতী “আল-লাআলী” (২/৩৩২) গ্রন্থে যে বলেছেনঃ সনদটি হাসান, এ ব্যাখ্যা দ্বারা তা ভুল প্রমাণিত হচ্ছে। অনুরূপভাবে ইবনু ইরাক যে (২/৩০৭) বলেছেনঃ তার সনদটি সহীহ তাও ভুল।

হাদীছটি ওবাদাহ ইবনুস সামেত হতে অন্য শব্দে বর্ণিত হয়েছেঃ

> روي الحديث عن عبادة بلفظ آخر وهو: " لا يزال في أمتي ثلاثون، بهم تقوم الأرض، وبهم تمطرون، وبهم تنصرون

'আমার উম্মাতের মধ্যে সর্বদা ত্রিশ ব্যক্তি থাকবে যাদের দ্বারা যমীন প্রতিষ্ঠিত থাকবে, তাদের কারণেই তোমাদের পানি দেয়া হয় আর তাদের কারণেই তোমাদেরকে সাহায্য করা হবে।'

আমি (আলবানী) বলছিঃ এ হাদীছটিও দুর্বল। তাতে এমন ব্যক্তি রয়েছেন যাকে চেনা যায় না। হায়ছামী (১০/৬৩) বলেনঃ হাদীছটি তাবারানী আমর আল-বাযযার সূত্রে আম্বাসাহ আল-খাওয়াস হতে বর্ণনা করেছেন। তারা দু'জনকেই আমি চিনি না।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71815

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন